

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.২৬৩.২০১৯/১৫৩২/৫

তারিখঃ ১৫/০৮/১৪২৬ বঙ্গাব্দ
২/১২/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ এমপিও কপিতে কলেজের নাম সংশোধন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলাধীন ফরিদ উদ্দিন ডিগ্রি কলেজ (সদ্য জাতীয়করণকৃত) এর এমপিও কপিতে প্রতিষ্ঠানের নামের বানান CHAPITALA F. SHRKER MOHABIDDALY এর পরিবর্তে FARID UDDIN SAEKER DEGREE COLLEGE করার জন্য অধ্যক্ষ আবেদন করেছেন।

শিক্ষা মন্ত্রণালয়ের ২১/০৩/১৯৯৬খ্রি. তারিখে স্বাক্ষরিত আদেশ অনুসারে প্রতিষ্ঠানটির নাম ফরিদ উদ্দিন সরকার মহাবিদ্যালয়। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা এর পত্র নং-১০৩৪; তারিখ: ১৫/১১/১৯৯৫খ্রি. অনুসারে প্রস্তাবিত ফরিদ উদ্দিন সরকার মহাবিদ্যালয় হিসেবে ছাত্র/ছাত্রী ভর্তির অনুমতি প্রদান করা হয়। পরবর্তীতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা এর পত্র নং-১; তারিখঃ ০১/০১/১৯৯৬খ্রি. মোতাবেক দ্বাদশ শ্রেণি খোলার অনুমতিসহ একাডেমিক স্বীকৃতি পায় ফরিদ উদ্দিন সরকার কলেজ নামে। পরবর্তীতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের সকল কাগজপত্রে ফরিদ উদ্দিন সরকার কলেজ নামে উল্লেখ রয়েছে। প্রতিষ্ঠানটির এমপিওশিটে চাপিতলা এফ সরকার মহাবিদ্যালয় হিসেবে উল্লেখ রয়েছে। কিন্তু এ সংক্রান্ত বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের কোন আদেশ নেই।

এমতাবস্থায়, কোন আদেশের প্রেক্ষিতে প্রতিষ্ঠানটির নাম চাপিতলা এফ সরকার মহাবিদ্যালয় হিসেবে এমপিওভুক্ত হয়েছে তা ব্যাখ্যা প্রদানে জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Alkadur 1/12/19
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোনঃ ৯৫৫৬০৫৭
Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

ফরিদ উদ্দিন সরকার ডিগ্রি কলেজ
মুরাদনগর, কুমিল্লা।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা;
- ২। জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা;
- ৩। সভাপতি, পরিচালনা পরিষদ, ফরিদ উদ্দিন সরকার ডিগ্রি কলেজ, মুরাদনগর, কুমিল্লা;
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মুরাদনগর, কুমিল্লা;
- ৫। সংরক্ষণ কপি।